

# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 16 April, 2025

জামালপুরের বকশীগঞ্জ নাশকতার মিথ্যা মামলায় ষড়যন্ত্রমূলকভাবে ফাঁসানো ও অপপ্রচারের প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছেন জাতীয়তাবাদী উলামা দলের উপজেলা শাখার সদস্য হামিদুর রহমান।

বুধবার (১৬ এপ্রিল) দুপুরে বকশীগঞ্জ পৌর শহরের কুঁড়েঘর রেস্টুরেন্টে ওই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে হামিদুর রহমান বলেন, আমি ২০২১ সাল থেকে বিএনপির রাজনীতির সাথে জড়িত রয়েছি। আমার ছেলেও বাটাজোড় ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছে। কিন্তু পারিবারিক বিরোধের জের ধরে মধ্য পলাশতলা গ্রামের আমার চাচাত ভাই মাসুদ রানা আমাকে হেয় প্রতিপন্ন করে আসছে। সর্বশেষ মাসুদ রানার প্ররোচণায় গত মার্চ মাসে আমাকে নাশকতা মিথ্যা মামলায় ফাঁসানো হয়।

একই সঙ্গে সহযোগী মুক্তিযোদ্ধা বানানো নিয়ে আমার বিরুদ্ধে অপপ্রচার করা হয়েছে। আমি এসবের মধ্যে জড়িত নেই। তাই আমি মিথ্যা মামলা থেকে রেহাই পেতে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করছি। পাশাপাশি মামলাবাজ মাসুদ রানাকে গ্রেপ্তারের দাবি জানাচ্ছি।

সংবাদ সম্মেলনে উপজেলা উলামা দলের সভাপতি মওলানা রুহুল আমিন, বাটাজোড় ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক মেহেদী হাসান ও বাটাজোড় ইউনিয়ন উলামা দলের সাধারণ সম্পাদক শাহাদাত হোসেন উপস্থিত ছিলেন।

মামলা উলামা দল সংবাদ সম্মেলন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 00:01

URL: <https://timestodaybd.com/mymensingh/775807899>